**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 22-08-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) রাজ্যে নিযুক্ত আসাম রাইফেলস বাহিনী রাজ্যের সুরক্ষা ব্যবস্থা শক্তিশালী করার জন্য ড্রোন ব্যবহার করছে।**

**(২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, ২০৪৭ সালের মধ্যে বিকশিত ত্রিপুরা ২০৪৭, গড়ার মূল লক্ষ্য হচ্ছে রাজ্যের সাধারণ মানুষের জীবন যাত্রার মান উন্নয়ন, নিরাপদ এবং সমৃদ্ধ, ভবিষ্যৎ নিশ্চিত করা।**

**(৩) রাজ্য মন্ত্রীসভা সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তরের অধীন কিছু প্রকল্পে অনুদান ও ভাতা বাড়ানোর সিদ্ধান্ত নিয়েছে।**

**(৪) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ বলেছেন যে অপারেশন সিন্দুর ভারতের প্রতিরক্ষা কৌশলে একটি নতুন মাত্রা যোগ করেছে ।**

**(৫) মেয়েদের রাজ্যভিত্তিক সিনিয়র ক্রিকেটের আসরে সদর চ্যাম্পিয়ন হয়েছে।**

**********************************

**Army−Drone :**

রাজ্যে নিযুক্ত আসাম রাইফেলস বাহিনী রাজ্যের সুরক্ষা ব্যবস্থা শক্তিশালী করার জন্য ড্রোন ব্যবহার করছে। আজ আসাম রাইফেলস ময়দানে এই বাহিনীর উদ্যোগে একটি ড্রোন শো এবং প্রদর্শনী আয়োজিত হয়। উপস্থিত ছিলেন রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু, মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা, রাজ্য পুলিশের মহানির্দেশক অনুরাগ, স্বরাষ্ট্র দপ্তরের সচিব অভিষেক সিং সহ আরক্ষা এবং আসাম রাইফেলস বাহিনীর পদস্থ আধিকারিকগণ।

ড্রোন শো-তে আসাম রাইফেলস বাহিনীর পক্ষ থেকে বিভিন্ন ধরণের ড্রোন জরুরি প্রয়োজনে কিভাবে কাজ করে এবং সেনাবাহিনী এর উপর ভিত্তি করে কিভাবে অপারেশন সম্পূর্ণ করে তা উপস্থিত সবার সামনে তুলে ধরা হয়। তাছাড়া প্রদর্শনীতে রাখা বিভিন্ন ড্রোনের বৈশিষ্ট্য নিয়ে আসাম রাইফেলস বাহিনীর আধিকারিকগণ রাজ্যপাল ও মুখ্যমন্ত্রী সহ অন্যান্য অতিথিদের অবহিত করেন।

*************************

**Viksit Tripura-CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, ২০৪৭ সালের মধ্যে বিকশিত ত্রিপুরা গড়ার মূল লক্ষ্য হচ্ছে রাজ্যের সাধারণ মানুষের জীবন যাত্রার মান উন্নয়ন, নিরাপদ এবং সমৃদ্ধ, ভবিষ্যৎ নিশ্চিত করা। সেদিকে লক্ষ্য রেখে শিক্ষা, স্বাস্থ্য, কৃষি, কর্মসংস্থান এবং পরিকাঠামো উন্নয়নে রাজ্য সরকার বিশেষ গুরুত্ব দিয়ে কাজ করছে। আজ আগরতলা প্রজ্ঞাভবনে পরিকল্পনা দপ্তরের উদ্যোগে বিকশিত ত্রিপুরা ২০৪৭ ভিশন ডকুমেন্টের পুস্তিকার আবরণ উন্মোচন অনুষ্ঠানে তিনি একথা বলেন। তিনি বলেন ভিশন ডকুমেন্ট তৈরি করার ক্ষেত্রে উত্তর পূর্বাঞ্চলের মধ্যে ত্রিপুরা প্রথম স্থানে। এই ভিশন ডকুমেন্ট দাঁড়িয়ে রয়েছে তিনটি স্তরের উপর। অর্থনৈতিক ভিত্তি বাড়ানো, ক্ষমতায়ন এবং সাধারণ মানুষের জীবন যাত্রার মান মজবুত করা। প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী মুখ্যমন্ত্রীও ভোকাল অফ লোকাল-এর উপর গুরুত্ব আরোপ করেন।

######Byte-CM#####

**************************

**CABINET DECISIONS :**

রাজ্য মন্ত্রীসভা সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তরের অধীন কিছু প্রকল্পে অনুদান ও ভাতা বাড়ানোর সিদ্ধান্ত নিয়েছে। খাদ্যমন্ত্রী সুশান্ত চৌধুরী আজ মহাকরণে এক সাংবাদিক সম্মেলনে একথা জানান। তিনি জানান, মন্ত্রিসভার বৈঠকের সিদ্ধান্ত অনুযায়ী অন্ত্যোদয় পরিবারভুক্ত মুখ্যমন্ত্রী কন্যা বিবাহ

যোজনায় ১৮ বছর বা তার বেশি বয়সের বিবাহ যোগ্য মেয়েদের বিবাহের এককালীন খরচ বাবদ রাজ্য সরকার ৫০ হাজার টাকার অনুদান দেবে। তাছাড়া মুখ্যমন্ত্রী অন্ত্যোদয় শ্রদ্ধাঞ্জলী যোজনায় অন্ত্যোদয় পরিবারের কারও মৃত্যু হলে, মৃতদেহ সৎকারের জন্য ওই পরিবারকে এককালীন প্রদেয় অর্থের পরিমান ২০০০ টাকা থেকে বাড়িয়ে ১০ হাজার টাকা করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। তাছাড়া, মানসিকভাবে দিব্যাঙ্গদের জন্য “Chief Minister Scheme for Persons With Intellectual Disability” প্রকল্পে মানসিকভাবে দিব্যাঙ্গ ব্যক্তিদের জন্য মাসিক ভাতা ২০০০ টাকা থেকে বাড়িয়ে ৫০০০ টাকা করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে রাজ্য মন্ত্রিসভায়। শ্রী চৌধুরী আরও জানান, আগামী ১৯শে সেপ্টেম্বর রাজ্য বিধানসভার অধিবেশন আহ্বান করার জন্য মন্ত্রিসভা সুপারিশ করেছে।

****************************

**Courtsey Meet :**

সাংসদ বিপ্লব কুমার দেব ও কৃতি দেবী দেব্বর্মন আজ নতুন দিল্লিতে এন.ডি.এ মনোনীত উপরাষ্ট্রপতি পদপ্রার্থী থিরু সি.পি রাধাকৃষ্ণনের সঙ্গে এক সৌজন্যমূলক সাক্ষাৎকারে মিলিত হন। তারা শ্রী রাধাকৃষ্ণনকে শুভেচ্ছা জানান।

*************************

**SDG Capacity Building :**

জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা বলেছেন, স্থিতিশীল উন্নয়নের লক্ষ্য পূরণে ত্রিপুরা উত্তর-পূর্বাঞ্চলের রাজ্যগুলির মধ্যে প্রথম স্থানে রয়েছে। আজ আগরতলার গীতাঞ্জলি ট্যুরিজম গেস্ট হাউসে আয়োজিত "Strengthening Sub-National SDG monitoring" শীর্ষক এক কর্মশালার উদ্বোধন করে তিনি একথা বলেন। তিনি বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে দেশ এগিয়ে যাচ্ছে। বিকশিত ভারত, শ্রেষ্ঠ ভারত গড়ার ক্ষেত্রে বিভিন্ন ক্ষেত্রের উন্নয়ন পরিসংখ্যান গুরুত্বপূর্ণ। নীতি আয়োগের স্বাস্থ্য ও পরিবার কল্যান সংক্রান্ত বিষয়ের প্রোগ্রাম ডিরেক্টর রাজীব কুমার সেন বলেন, উন্নয়নের

লক্ষ্য অর্জনে পরিসংখ্যানের প্রয়োজন রয়েছে। কর্মশালায় পরিসংখ্যান ও পরিকল্পনা দপ্তরের বিশেষ সচিব অভিষেক চন্দ্র বলেন, বিভিন্ন ক্ষেত্রে উন্নয়নের নিরিখে ত্রিপুরার আটটি জেলার মধ্যে ছয়টি জেলারই উল্লেখযোগ্য অগ্রগতি রয়েছে। কর্মশালায় ত্রিপুরা সহ তেলেঙ্গানা, দিল্লি, পশ্চিমবঙ্গ, পুডুচেরি, লাক্ষাদ্বীপ, সিকিমের ৩২ জন প্রতিনিধি অংশ নিয়েছেন।

**************************

**Agriculture Minister :**

কৃষিমন্ত্রী রতন লাল নাথের পৌরহিত্যে এ.আর.সি পদ্ধতিতে আলু চাষ সম্প্রসারণ, জৈবিক আলু উৎপাদন সংক্রান্ত বিভিন্ন বিষয় নিয়ে আজ আগরতলার নাগিচ্ছড়াস্থিত রাজ্যিক উদ্যান গবেষণা কেন্দ্রে অনুষ্ঠিত হল উচ্চ পর্যায়ের এক বৈঠক। আগামী ২০২৯ সালের মধ্যে জৈবিক আলু উৎপাদন করে রাজ্যে আলুর চাহিদা মিটিয়ে তা যাতে রপ্তানী করা যায় সেই বিষয়েও বৈঠকে বিস্তারিত আলোচনা হয়। পাশাপাশি রাজ্যে প্রথম উৎপাদিত রামভুটান ফল সম্পর্কে সবাইকে অবহিত করেন কৃষিমন্ত্রী রতন লাল নাথ। লিচু প্রজাতির এই ফল রাজ্যে এই প্রথমবার নাগিচ্ছড়ায় উৎপাদন করা হয়। বৈঠকে উপস্থিত ছিলেন কৃষি দপ্তরের সচিব অপূর্ব রায়, কৃষি দপ্তরের আধিকারিকগন, জল বিভাজিকা প্রকল্পের আধিকারিকরা, প্রজেক্ট ম্যানেজার এবং বেশ কয়েকজন সুবিধাভোগী।

************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-

এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

***************************

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ বলেছেন যে অপারেশন সিন্দুর ভারতের প্রতিরক্ষা কৌশলে একটি নতুন মাত্র যোগ করেছে। তিনি বলেন যে ভারতে সন্ত্রাসীদের পাঠিয়ে বা আক্রমণের পরিকল্পনা করার পরে কেউ পালাতে পারবে না। প্রধানমন্ত্রী আজ বিহারের গয়াতে ১২ হাজার কোটি টাকার একাধিক উন্নয়ন প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন এবং উদ্বোধনের পর এই কথা বলেন। প্রকল্পগুলি বিদ্যুৎ, সড়ক, স্বাস্থ্য, নগর উন্নয়ন এবং জল সরবরাহ সহ একাধিক ক্ষেত্রের সঙ্গে সম্পর্কিত। শ্রী মোদী গয়া এবং দিল্লির মধ্যে অমৃত ভারত এক্সপ্রেস ট্রেন এবং বৈশালী এবং কোডারমার মধ্যে বৌদ্ধ সার্কিট ট্রেনেরও উদ্বোধন করেন।

প্রধানমন্ত্রী মন্তব্য করেন যে দেশে অনুপ্রবেশকারীদের সংখ্যা বৃদ্ধি একটি গুরুতর উদ্বেগের বিষয়। তিনি উল্লেখ করেছেন যে বিহারের সীমান্তবর্তী জেলাগুলির জনসংখ্যার চিত্র দ্রুত পরিবর্তিত হচ্ছে এবং তিনি নিশ্চিত করেছেন যে সরকার অনুপ্রবেশকারীদের দেশের ভবিষ্যৎ নির্ধারণ করতে না দেওয়ার জন্য সংকল্পবদ্ধ। তিনি বলেন যে অনুপ্রবেশকারীদের বিহারের যুবকদের কাছ থেকে কর্মসংস্থানের সুযোগ ছিনিয়ে নিতে দেওয়া হবে না। প্রধানমন্ত্রী বলেন, বিহারের দ্রুত উন্নয়ন কেন্দ্রের এনডিএ সরকারের একটি প্রধান অগ্রাধিকার। শ্রী মোদী উল্লেখ করেন যে গত এগারো বছরে, সারা দেশে চার কোটিরও বেশি দরিদ্র পরিবারকে স্থায়ী বাড়ি দেওয়া হয়েছে এবং বিহারে ৩৮ লক্ষ বাড়ি তৈরি করা হয়েছে। তিনি বলেছেন যে

এনডিএ-র ডাবল-ইঞ্জিন সরকার বিহারে রেলওয়ের উন্নয়নে দ্রুত কাজ করছে।

তিনি বলেছেন, অমৃত ভারত স্টেশন প্রকল্পের আওতায়, গয়া রেলওয়ে স্টেশনকে আধুনিকীকরণ করা হচ্ছে এবং যাত্রীদের বিমানবন্দরের মতো সুযোগ-সুবিধা প্রদান করা হচ্ছে।

ভ্রষ্টাচারের বিরুদ্ধে কেন্দ্রীয় সরকারের দৃঢ় পদক্ষেপের কথা তিনি বিস্তারিত উল্লেখ করেন। এ প্রসঙ্গে প্রধানমন্ত্রী সম্প্রতি সংসদে পেশ করা একটি সংবিধান সংশোধনী বিলের কথা উল্লেখ করে বলেন, প্রধানমন্ত্রী, মুখ্যমন্ত্রী কিংবা অন্য কোনও মন্ত্রী গ্রেফতার হলে, ৩০ দিনের মধ্যে তারা জামিন না পেলে তাঁকে পদ ছাড়তে হবে।

######Byte-PM#####

*************************

**PM-West Bengal :**

পরে আজ সন্ধ্যায় প্রধানমন্ত্রী আজ সন্ধ্যায় কলকাতায় ৫,২০০ কোটি টাকারও বেশি মূল্যের বিভিন্ন উন্নয়ন প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন এবং উদ্বোধন করেন। তিনি বলেন, ভারতের ইতিহাস এবং ভবিষ্যৎ উভয় ক্ষেত্রেই কলকাতার একটি গুরুত্বপূর্ণ স্থান রয়েছে। সমাবেশে ভাষণ দিতে গিয়ে তিনি বলেন যে, ২০১৪ সালের আগে দেশে মাত্র ২৫০ কিলোমিটার মেট্রো রুট ছিল, যা এখন ১,০০০ কিলোমিটারেরও বেশি বিস্তৃত হয়েছে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ কলকাতায় ইয়েলো লাইনে নোয়াপাড়া-জয় হিন্দ বিমানবন্দর, অরেঞ্জ লাইনে বেলেঘাটা-হেমন্ত মুখোপাধ্যায় এবং গ্রিন লাইনে শিয়ালদহ-এসপ্ল্যানেড নামে তিনটি মেট্রো পরিষেবার উদ্বোধন করেন। তিনি যশোর রোড মেট্রো স্টেশন থেকে নোয়াপাড়া-জয় হিন্দ বিমানবন্দর ইয়েলো লাইন সেকশনে জয় হিন্দ বিমানবন্দর পর্যন্ত মেট্রো যাত্রাও করেন।

***************************

**Package Story–Tripura Panchayet :**

গোটা দেশেই ত্রিস্তর পঞ্চায়েত পরিচালনার ক্ষেত্রে জনপ্রতিনিধিদের দায়বদ্ধ পদক্ষেপ কেন্দ্রীয় সরকারের বিভিন্ন কল্যাণমূলক প্রকল্প রূপায়ণে ব্যাপক সাফল্য এনে দিচ্ছে। গ্রাম-ভারত জুড়ে ফুটে উঠছে সর্বাত্মক রূপান্তরণের ছবি! এই রূপান্তরিত ভারতের ক্ষুদ্র সংস্করণ বলা যায় আমাদের রাজ্যের গ্রামীণ অংশকেও। এখানেও ত্রিস্তর পঞ্চায়েতের তিনস্তরেই জনকল্যাণের প্রকল্প রূপায়ণে ব্যাপক পদক্ষেপ আমূল পাল্টে দিচ্ছে রাজ্যের গরিষ্ঠ অংশের ছবি। এর স্বীকৃতিও আসছে। বিশেষ সম্মান হিসেবে দেশের অন্য প্রান্তের সফল পঞ্চায়েত প্রতিনিধিদের মতোই রাজ্যের প্রতিনিধিরাও আমন্ত্রিত হয়েছিলেন। উপস্থিত ছিলেন নয়াদিল্লির লালকেল্লায় আয়োজিত স্বাধীনতা দিবসে জাতীয় পর্যায়ের বর্ণময় অনুষ্ঠানে। একটি প্রতিবেদন।

#########VC#######

**************************

**Sadar Champion :**

মেয়েদের রাজ্যভিত্তিক সিনিয়র ক্রিকেটের আসরে সদর চ্যাম্পিয়ন হয়েছে। আজ ধর্মনগরের কলেজ স্টেডিয়ামে অনুষ্ঠিত ফাইনাল খেলায় সদর ৫ উইকেটে শান্তিরবাজারকে পরাজিত করে। প্রথমে ব্যাট করতে নেমে শান্তিরবাজার ৩৯ ওভার ৫ বল-এ সবকটি উইকেট হারিয়ে মাত্র ৯৬ রান করে। জবাবে সদর ২৫ ওভার ১ বল-এ ৫ উইকেট হারিয়ে জয়ের লক্ষ্য পূরণ করে।

**************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় দক্ষিণ, পশ্চিম, সিপাহীজলা, খোয়াই ও গোমতী জেলায় ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি

সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩১.৯ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫.৮ ডিগ্রি সেলসিয়াস।

******************************